
# অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদের বকেয়া অর্থ দিল সরকার




ছবি: সংগৃহীত

দীর্ঘদিন ধরে আটকে থাকা অবসর ও কল্যাণ সুবিধার অর্থ পেতে যাচ্ছেন বেসরকারি শিক্ষক-কর্মচারীরা। ১ লাখ ২৩ হাজার আবেদনের বিপরীতে মোট ২ হাজার ৩৫ কোটি টাকা ছাড় করেছে সরকার। সংশ্লিষ্টদের ব্যাংক হিসাবের মাধ্যমে এসব অর্থ পরিশোধ করা হবে। এর মধ্যে কোনো কোনো শিক্ষক সর্বোচ্চ ৬ লাখ টাকা পর্যন্ত পাওয়ার সুযোগ পাচ্ছেন।

শনিবার (১৫ আগস্ট) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে একটি সফটওয়্যার সিস্টেমে কার্যক্রমের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। অনুষ্ঠানে অনলাইনের মাধ্যমে দেশের ৬৪ জেলার সংশ্লিষ্ট শিক্ষক ও কর্মকর্তারা যুক্ত ছিলেন। পরে ১০ জন শিক্ষকের হাতে স্মারক চেক তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানে বক্তারা অভিযোগ করেন, আগের সরকারের সময়ে অবসর সুবিধা বোর্ডের তহবিল ব্যবস্থাপনায় নানা অনিয়মের ঘটনা ঘটেছে। ভুয়া শিক্ষক দেখিয়ে অর্থ নেওয়া এবং কর্মকর্তাদের যোগসাজশে একই ব্যক্তিকে একাধিকবার অর্থ দেওয়ার ঘটনাও ধরা পড়েছে বলে তারা জানান।

এ ছাড়া শিক্ষক-কর্মচারীদের কাছ থেকে আদায় করা চাঁদার অর্থ নির্ধারিত ব্যাংক হিসাবে জমা না রেখে ব্যক্তিগত হিসাবে রাখার অভিযোগও উঠে আসে। এর মাধ্যমে বিপুল পরিমাণ অর্থের অনিয়মের ঘটনা ঘটেছে বলে অনুষ্ঠানে জানানো হয়।

সরকারের পক্ষ থেকে বলা হয়েছে, ভবিষ্যতে অবসর ও কল্যাণ সুবিধার অর্থ প্রদানে স্বচ্ছতা নিশ্চিত করা হবে। একই সঙ্গে অবসরপ্রাপ্ত বেসরকারি শিক্ষক-কর্মচারীরা যাতে নিয়মিত ও নির্ধারিত সময়ে তাদের প্রাপ্য অর্থ পান, সে ব্যবস্থা করা হবে।